

গুচ্ছের বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে অনিয়ম তদন্তের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক

০৫ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি প্রক্রিয়ায় অনিয়ম তদন্তে কমিটি গঠন করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কমিটিকে ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব রোখছানা বেগম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা যায়।

এতে বলা হয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন সদস্যকে আহ্বায়ক করে জিএসসি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় বহির্ভূত গুচ্ছ ভর্তি সংক্রান্ত বিশেষজ্ঞ শিক্ষকদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।

এদিকে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা এ দুর্নীতি তদন্ত কমিটিতে শিক্ষার্থীদের পক্ষ থেকে একজন শিক্ষক ও দুজন শিক্ষার্থী প্রতিনিধি এবং তদন্ত হওয়ার আগ পর্যন্ত গুচ্ছের সব কার্যক্রম স্থগিত করার দাবি জানিয়েছে। এ ছাড়া তদন্ত কমিটিতে শিক্ষক এবং শিক্ষার্থী প্রতিনিধি না রাখা হলে সুষ্ঠু তদন্ত না হওয়ার আশঙ্কা করছেন তারা।